

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -৪ (العبر _8)

- (১) সমাজ পরিবর্তনের মত কঠিন দায়িত্ব পালনের জন্য সবার আগে প্রয়োজন সংস্কারকদের স্ব স্ব আক্বীদা-বিশ্বাস দৃঢ় করণ। নবুঅত লাভের পরপরই ছালাত ফরযের মাধ্যমে আল্লাহর পক্ষ হ'তে সে ব্যবস্থাই করা হয়েছে।
- (২) আল্লাহর যিকরের প্রধান অনুষ্ঠান হ'ল ছালাত। এর বাইরে বিভিন্ন বানোয়াট যিকরের অনুষ্ঠানাদি বিদ'আতের অন্তর্ভুক্ত।
- (৩) বৈরী পরিবেশে প্রথমে গোপন দাওয়াতের মাধ্যমে সমর্থক সৃষ্টি ও মানুষ তৈরীই যুক্তিযুক্ত। রাসূল (ছাঃ)-এর দাওয়াতী নীতিতে সেটাই দেখা যায়।
- (৪) সমাজে সর্বদা ভাল ও মন্দ দু'ধরনের লোকের অস্তিত্ব থাকে। সংস্কারকের দাওয়াতে প্রথমে ভাল লোকেরা সাড়া দেয়। যদিও তারা সংখ্যায় কম হয় এবং দুষ্টু সমাজনেতাদের চাপে সমাজে কোনঠাসা হয়ে থাকে।
- (৫) কেবলমাত্র আখেরাতমুখী দাওয়াতই মানুষকে দুনিয়া ত্যাগে উদ্বুদ্ধ করে এবং সংস্কার আন্দোলনকে সাফল্যের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5205

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন